

ঢাকা ওয়াসা

- ০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের কপি।
০২। আবেদন পত্র।
০৩। বর্তমান আলোকচিত্র।
০৪। আলোচ্য কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয়ঃ Cleaning of Drain and Cleaning & Removal of Bushes & Weeds to Maintain Cleanliness of the SWTP Ansar Camp Compound .

০১। সায়েদাবাদ পানি শোধনাগার একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগার হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্র্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। সম্প্রতি ড্রেন এবং ঝোপঝাড় পরিষ্কার করার জন্য আনসার কামান্ডার এর নিকট হতে একটি আবেদন পত্র গৃহীত হয়েছে। সরেজমিনে পরিদর্শনান্তে দেখা যায়, সায়েদাবাদ পানি শোধনাগার আনসার ক্যাম্পে বিদ্যমান সারফেস ড্রেনে গাছের পাতা, ময়লা ও মাটি জমে ড্রেনে পানি প্রবাহে বাধার সৃষ্টি করছে। এছাড়া ড্রেনে শ্যাওলা ও পানি জমে রয়েছে। এছাড়া সায়েদাবাদ পানি শোধনাগার আনসার ক্যাম্পের চারিদিকে ঝোপ ঝাড়, ছোট ছোট গাছ-গাছালী, আগাছা ও ময়লা-আবর্জনা হয়েছে। উক্ত জায়গার মধ্যে বিষাক্ত সাপ, পিপড়া, শিয়াল, কুকুর ও অন্যান্য প্রাণী বসবাস করে। বর্ষা মৌসুম চলমান থাকায় মশা-মাছি ও অন্যান্য কিট-পতঙ্গের উপদ্রব বেড়ে গেছে। তাই আনসার ক্যাম্পের চারিদিকে জরুরীভিত্তিতে ঝোপ ঝাড়, ছোট ছোট গাছ-গাছালী, আগাছা ও ময়লা-আবর্জনা পরিষ্কার-পরিচ্ছন্ন ও অপসারণ করা প্রয়োজন। জমা পানি থেকে এডিস মশার বংশ বিস্তার হয়। তাই এডিস মশার বংশ বিস্তার রোধকল্পে জরুরীভিত্তিতে সায়েদাবাদ পানি শোধনাগার আনসার ক্যাম্পে বিদ্যমান সারফেস ড্রেন পরিষ্কার করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, ড্রেনের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত থাকাসহ প্রাণঘাতী ডেঙ্গুর প্রকোপ থেকে রক্ষা পাওয়া যাবে এবং কর্ম পরিবেশ উন্নত হবে।

০২। অত্যন্ত জরুরী ভিত্তিতে কাজটি বাস্তবায়ন করা প্রয়োজন যা দরপত্র প্রক্রিয়া অনুসরণ করে বাস্তবায়ন করা সময় সাপেক্ষ। তাই আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। এই কাজের জন্য, ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স সাহিন ট্রেড ইন্টারন্যাশনাল কে নিয়োজিত করার প্রস্তাবনা পেশ করা হ’ল।

০৩। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্ব অনুমোদিত দর অনুযায়ী “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৪৯,৬২৮.২৯৩ (উনপঞ্চাশ হাজার ছয়শত আটশ দশমিক দুই নয় তিন টাকা মাত্র) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহ করা যেতে পারে।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-০১ হতে ০৩ পর্যন্ত বর্ণনালোকে Cleaning of Drain and Cleaning & Removal of Bushes & Weeds to Maintain Cleanliness of the SWTP Ansar Camp Compound শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬ (১) এর (ট) ধারা অনুসারে মেসার্স সাহিন ট্রেড ইন্টারন্যাশনাল এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪৯,৬২৮.২৯৩ (উনপঞ্চাশ হাজার ছয়শত আটশ দশমিক দুই নয় তিন টাকা মাত্র) টাকার অনুমোদন।


গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



27.07.2025


ফজিলা খাতুন
উপ-সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


29/09/23
মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


27-07-25
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সার্বজনীন পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SECWS/PC


27.07.25
মিজা গোলাম কিবরিয়া
উপ-সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ), ঢাকা ওয়াসা।


27/07/25
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।